

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৭৫৫
মোহনপুর, ১ ফেব্রুয়ারি, ২০২৪

মোহনপুর দ্বাদশ শ্রেণী বালিকা বিদ্যালয়ে নবনির্মিত ভবনের উদ্বোধন

**আত্মনির্ভর ত্রিপুরা গড়তে নবীণ প্রজন্মকে গুণগত
শিক্ষায় শিক্ষিত করে তুলতে হবে : কৃষিমন্ত্রী**

আত্মনির্ভর ত্রিপুরা গড়তে নবীণ প্রজন্মকে গুণগত শিক্ষায় শিক্ষিত করে তুলতে হবে। ছাত্রছাত্রীদের সংবেদনশীল, সামাজিক দায়বদ্ধ ও দেশপ্রেমিক হতে হবে। তাহলেই আত্মনির্ভর ত্রিপুরা গড়তে সম্ভব হবে। আজ মোহনপুর দ্বাদশ শ্রেণী বালিকা বিদ্যালয়ে নবনির্মিত ভবনের উদ্বোধন করে কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী রতনলাল নাথ একথা বলেন। অনুষ্ঠানে কৃষিমন্ত্রী আরও বলেন, যে দেশের নাগরিক যতবেশী জ্ঞানী সেই দেশ তত বেশী উন্নত। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি চাইছেন আমাদের দেশকে বিশ্বের শীর্ষে নিয়ে যেতে। কেন্দ্রীয় সরকার শিক্ষাকে সর্বাধিক গুরুত্ব দিয়েছে। এ প্রসঙ্গে তিনি নতুন জাতীয় শিক্ষানীতির কথা উল্লেখ করে বলেন, নতুন জাতীয় শিক্ষানীতি ছাত্রছাত্রীদের বিশ্বমানের উপযোগী করে তুলবে। রাজ্য সরকারও নতুন প্রজন্মকে একবিংশ শতাব্দীর উপযুক্ত করে তুলতে শিক্ষাক্ষেত্রে সর্বাধিক গুরুত্ব দিয়ে কাজ করছে।

অনুষ্ঠানে উপস্থিতি ছিলেন মোহনপুর পুর পরিষদের চেয়ারপার্সন অনিতা দেবনাথ, মোহনপুর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান রিণা দেববর্মা, ভাইস চেয়ারম্যান রাকেশ দেব, শিক্ষা দপ্তরের অতিরিক্ত অধিকর্তা রাকেশ দেববর্মা, গ্রামোন্নয়ন দপ্তরের চিফ ইঞ্জিনীয়ার সাগর শুভম দেবনাথ, মোহনপুর মহকুমার মহকুমা শাসক সুভাষ দত্ত প্রমুখ। উল্লেখ্য, বিদ্যালয়ের নতুন ভবন নির্মাণে ব্যয় হয়েছে ২ কোটি ১০ লক্ষ টাকা।
